



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক  
RESERVE BANK OF INDIA  
[www.rbi.org.in](http://www.rbi.org.in)

আরবিআই/২০১২-১৩/২৪৪

ডিপিএসএস(সিও)ইপিপিডি নং.৬২২/০৪.০৩.০১/২০১২-১৩

অক্টোবর ১২, ২০১২

সভাপতি এবং পরিচালন অধিকর্তা/ মুখ্য নির্বাহী আধিকারিক  
এনইএফটিতে অংশগ্রহণকারী সদস্য ব্যাঙ্কসমূহ

মহাশয়া/প্রিয় মহাশয়,

**জাতীয় বৈদ্যুতিন তহবিল হস্তান্তর (এনইএফটি)- লেনদেনে ভারতীয় আর্থিক পদ্ধতি কোড(আইএফএসসি)-এর প্রয়োজনীয়তা**

এনইএফটি একটি কার্যকর, সাধ্যের মধ্যে, নিরাপদ এবং প্রায় তৎকাল তহবিল হস্তান্তর পদ্ধতি। সাম্প্রতিক কালে এনইএফটি পদ্ধতিতে প্রক্রিয়া করা লেনদেনের পরিমাণ এবং মূল্য বৃদ্ধি এর জনপ্রিয়তা প্রতিবিশ্বিত করে যেহেতু জনসংখ্যার নবীনতর অংশ তাদের অর্থ প্রেরণের প্রয়োজন মেটাতে এই পদ্ধতি ব্যবহার করা শুরু করেছে।

২. এনইএফটি লেনদেনের অন্যতম উপাদান হল উপকৃত শাখার আইএফএস কোড যা লেনদেনটি সঠিক উপকৃত শাখায় পৌঁছেছে কিনা নিশ্চিত করার জন্য একটি বাধ্যতামূলক ক্ষেত্র। এনইএফটি আবেদনপত্রের ফর্মে নমুনা অর্থাৎ ফর্ম এনইএফটি-২, যা এপ্রিল ২০১১ তারিখের এনইএফটি পদ্ধতি সংক্রান্ত নির্দেশিকার সংযোজনী III-এতে দেওয়া আছে উপকৃত ব্যাঙ্কের শাখা সহ আইএফএসসি নম্বর উল্লেখ করতে বলে।

৩. বৈদ্যুতিন উপায়ে অর্থপ্রেরণ আরও সহজ করার জন্য এবং এনইএফটি লেনদেনের জন্য শাখায় গ্রাহক পরিষেবার উন্নতিকল্পে, অংশগ্রহণকারী ব্যাঙ্কগুলিকে নিম্নলিখিতগুলি নির্দেশ দেওয়া হচ্ছে:

- এনইএফটি আবেদনপত্রের ফর্মে উপকৃতের একাউন্টের বিশদ ইত্যাদি সহ অন্যান্য প্রয়োজনীয় বিবরণ পূরণ করতে ব্যাঙ্কের কর্মচারীগণ গ্রাহকদের যথা প্রয়োজন সহযোগীতা দেবেন।
- যেখানে গ্রাহক আইএফএস কোড এবং উপকৃত ব্যাঙ্কের শাখার বিশদ দিয়েছেন, সেখানে ব্যাঙ্কে নিশ্চিত করতে হবে উক্ত বিশদগুলি যেন মিলে যায়। কোনো ক্ষেত্রে গরমিল দেখা গেলে, উক্ত বিষয়টি লেনদেন প্রক্রিয়া শুরু করার আগে সংশোধনের জন্য গ্রাহকদের অবগতিতে আনতে হবে।
- যেখানে গ্রাহক উপকৃত শাখার সঙ্গে সম্পর্কিত কেবলমাত্র একটি বিষয় জানাতে পারে যেমন হয় আইএফএস কোড বা শাখার নাম, সেই ক্ষেত্রে অন্যান্য তথ্য জানতে ব্যাঙ্ক কর্মী গ্রাহককে সহযোগীতা করবেন যা লেনদেন প্রক্রিয়া শুরু করার আগে এনইএফটি আবেদন পত্রের ফর্মে গ্রাহককে যথাযথভাবে পূরণ করতে হবে।
- ব্যাঙ্ক কর্তৃক অনুসৃত সূচনাকারী/পরীক্ষক (মেকার/চেকার)/ দ্বিস্তরীয় যাচাই ব্যবস্থায় গ্রাহক কর্তৃক এনইএফটি আবেদনপত্রের ফর্মে প্রদত্ত বিশদ অন্তর্ভুক্ত করতে হবে এবং উপরের মতোই আইএফএসসি নম্বর মিলিয়ে নিতে হবে।
- ব্যাঙ্কগুলিকে অনুগ্রহ করে নিশ্চিত করতে হবে যে ঝামেলা এবং ত্রুটিমুক্ত এনইএফটি লেনদেনের সুবিধার্থে জারি করা নির্দেশগুলি শাখায় পৌঁছে দেওয়া হয়েছে কিনা এবং ব্যবহারকারী কর্মচারীগণ তা পালন করেছে কিনা।

অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার এবং অনুপালন নিশ্চিত করুন।

আপনার বিশ্বস্ত

(বিজয় চুঘ)

মুখ্য মহাপ্রবন্ধক